# কারওয়ান বাজারে মোবাইল ব্যবসায়ীদের পুলিশের সঙ্গে সংঘর্ষ




সংগৃহীত ছবি

কারওয়ান বাজার মোড়ে মোবাইল ফোন ব্যবসায়ীরা কয়েক দফা দাবিতে জড়ো হলে পুলিশ তাদের সরাতে গিয়ে পরিস্থিতি উত্তপ্ত হয়। রোববার দুপুর ১টা ৩৫ মিনিট থেকে সংঘর্ষ শুরু হয়; পুলিশ ৭টি সাউন্ড গ্রেনেড নিক্ষেপ করে এবং টিয়ার গ্যাস ব্যবহার করে। ব্যবসায়ীদের সঙ্গে পুলিশের ধাওয়া-পাল্টা ধাওয়াও চলে।

এর আগে ব্যবসায়ীরা মোড় অবরোধ করে অবস্থান কর্মসূচি পালন করলে পুলিশ জলকামান, রায়টকার ও লাঠিপেটা ব্যবহার করে তাদের সরায়।

জানা গেছে, মোবাইল বিজনেস কমিউনিটি বাংলাদেশ (এমবিসিবি) এনইআইআর ব্যবস্থা, বিটিআরসি ভবনে গ্রেপ্তারদের মুক্তি এবং অন্যান্য দাবিতে অবস্থান কর্মসূচির ঘোষণা দেয়। সকাল সাড়ে ১০টার দিকে তারা অবরোধ শুরু করে। পরে পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে এবং কয়েকজনকে আটক করে।

প্রসঙ্গত, ১ জানুয়ারি থেকে সরকার আনুষ্ঠানিকভাবে এনইআইআর চালু করেছে। এতে মোবাইলের সব আইএমইআই নম্বর জাতীয় ডাটাবেসে যুক্ত হচ্ছে। ব্যবসায়ীরা এই ব্যবস্থার বিরুদ্ধে আপত্তি জানিয়ে আসছেন।

LENS ASIA